# ৩. লাল নীল

পড়ুয়ারা গল্পটি পড়ে নিজের ভাষায় বলতে পারবে। এই রচনাটি পড়ে তারা মূল বিষয়টি বুঝে নিয়ে, সেটি সম্বন্ধে প্রশ্ন করতে পারবে, প্রশ্নের উত্তর দিতে এবং নিজের কল্পনা বলতে পারবে।

এটা রূপকথার গল্প। রূপকথা বা উপকথা হল—রাজপুত্র-রাজকন্যা, পক্ষীরাজ ঘোড়া, জিয়নকাঠি মরণকাঠি, ব্যাঙ্গমা-ব্যাঙ্গমি, রাক্ষস-খোক্কস, রাজপুরী—এইসব নিয়ে দারুণ জমাটি গল্প। সত্যি সত্যি কিন্তু এ-সব কিছু নেই। তবে গল্পে যে-সব ঘটনা ঘটে তার মধ্যে অনেক সত্যি কথা লুকিয়ে থাকে। যেমন, এই গল্পেই দেখ না, এক হাত লম্বা বামন বুড়ো, ফুলপরি—এরা সত্যি সত্যি নেই বটে। কিন্তু এরা যে-সব কাজ করে-গাছপালা পোকামাকড়ের যত্ন নেওয়া, ছবি আঁকা কি বন্ধুদের নেমন্তন্ন করে খাওয়ানো, দুষ্টুমি করে কাউকে ভয় দেখানো—এগুলো তো আর মিথ্যে নয়!

গল্পটি শুরু করার আগে পড়ুয়াদের বলুন যে, ভালো ব্যবহার সবসময়ে কাম্য। আমরা যেন সবার সাথে সেরকম ব্যবহার করি যেরকম আমরা নিজেরা অন্যের কাছ থেকে আশা করি। অন্যকে দুঃখ দিয়ে আনন্দ পাওয়ার মধ্যে কোনো বাহাদুরি নেই।

গভীর বনে যেখানে মানুষ যায় না, সেখানে একহাত লম্বা বামন বুড়োরা থাকে। তারা ছোটো গাছগাছালির যত্ন করে, ফুলের গাছে জল দেয়, পোকা ফড়িংদের খবরদারি করে, প্রজাপতি পোষে। তারা সবাই ভালোমানুষ। তবে কেউ কেউ একটু কুঁড়ে। কেউ একটু রগড় করতে ভালোবাসে।



লাল বুড়ো ছিল এইরকম। সে লাল পোশাক পরত, একটা লাল থলি নিয়ে ঘুরে বেড়াত। নীল বুড়ো নীল পোশাক পরত। সে ছিল খুব সাহসী। লাল বুড়ো তাকে ভালোবাসত না।

বামন-বুড়োদের আর একটা কাজ ছিল—ফুলের রং দিয়ে, রঙিন নুড়ি পাথরের গুঁড়ো দিয়ে, গাছের গায়ে ছবি আঁকা। টুনটুনি পাখির পালক দিয়ে তুলি বানাত তারা।

ফুলপরিরা ছোট্ট ছোট্ট পরি। তাদের আর বামন বুড়োদের ভিতরে বন্ধুতা। জ্যোৎস্নারাতে পরিরা নেমে আসে পৃথিবীতে, ঘাসের উপর নাচে। তখন ঘাসের ফড়িংগুলো লাফিয়ে লাফিয়ে উঠে ভয় লাগিয়ে দেয়

Scanned with CamScanner

পরিদের। তাই বামন বুড়োরা সন্ধ্যার আগে, ফড়িংগুলোকে ধরে ধরে থলির ভিতর পুরে রাখে সকাল হলে ছেড়ে দেয়।



এক রাতে বামন বুড়োরা পরিদের ডাকল, বনে এসে খাওয়াদাওয়া করতে। ভারী ভোজের আয়োজন চলছে। নীল বুড়ো সকাল থেকে কাজে লেগেছে। ছোটো ছোটো পাতার বাটিতে ফুলের মধু, ফুলের রস এনে জড়ো করেছে। লাল বুড়ো ফাঁকি দিয়ে বসেছে কোথায় লুকিয়ে।

সারারাত সবাই মিলে খুব নাচগান খাওয়াদাওয়া করল। তারপর পরিদের যাবার সময় হল। জোনাকি পোকারা বাতি ধরল পথ দেখাতে। যেতে যেতে হঠাৎ পরিরা সবাই ভয় পেয়ে 'ওরে মা রে! ওরা কারা রে?' বলে চেঁচামেচি করে উঠল। তাদের সামনে সাদা সাদা ভূতের মতো কী যেন সব দাঁড়িয়ে আছে—গোল গোল চোখ বের করে তাকিয়ে দেখছে, কেউ বা বড়ো বড়ো দাঁত মেলে হাসছে।

'কী হল? কী হল?' বলে বামন বুড়োরা ছুটে এল। নীল বুড়োর সাহস বেশি। সে সকলের আগে এগিয়ে গেল। দ্যাখে—কতগুলো মস্ত মস্ত ব্যাঙের ছাতা! সেইসব ছাতার উপরে কালো আর লাল রং দিয়ে চোখ মুখ আঁকা। তাদেরই ভূতের মতো লাগছে দেখতে, জোনাকির মিটমিটে আলোতে।

বামন বুড়োরা রাগারাগি করছে, 'কার এমন কাজ? অতিথিদের অপমান কে করেছে?' নীল বুড়ো নীচু হয়ে দেখতে পেল, একটা ব্যাঙের ছাতার নীচে একটা লাল থলি পড়ে আছে। তখন আর বুঝতে বাকি রইল না কার এ-কাজ। পরিরা তাড়াতাড়ি চলে গেল বাড়ি।

এরপরে একদিন, পরির দেশ থেকে চিঠি এল—বামন বুড়োরা সেখানে খেতে আর আমোদ করতে যাবে। সব বামন বুড়োর নামে আলাদা আলাদা চিঠি এল। নীল বুড়োর নামেও এল। লাল বুড়োর নামে এল না। সে একলা একলা বসে এত কাঁদল যে, তার চোখ-দুটো জবাফুলের মতো লাল হয়ে গেল।

সুখলতা রাও

## জেনে রাখ

**যিনি লিখেছেন:** সুখলতা রাও: জন্ম কলকাতায়। বাবা, উপেন্দ্রকিশোর রায়চৌধুরী। মা, বিধুমুখী দেবী। লেখাপড়া কলকাতার ব্রাহ্ম বালিকা শিক্ষালয় ও বেথুন কলেজ। ইংরেজি ও বাংলা মিলিয়ে ২০ খানা বই লিখেছেন। ছবিও আঁকতে পারতেন। কয়েকটি বইয়ের নাম: লালিভুলির দেশে, নানা দেশের রূপকথা, খোকা এল বেড়িয়ে, গল্প আর গল্প, নিজে পড়, নিজে লেখ প্রভৃতি। জান ত, এই সুখলতা রাও সুকুমার রায়ের বড়দিদি। এই লেখাটি খোকা এল বেড়িয়ে নামের বই থেকে নেওয়া হয়েছে।



Scanned with CamScanner

## শব্দের অর্থ

বামন—বেঁটে লোক

গাছগাছালি—নানারকমের গাছ

খবরদারি—দেখাশুনো করা, তদারক করা

কুঁড়ে—যে কাজ করতে চায় না

রগড়—মজা

সাহসী—যার ভয় নেই

নুড়ি পাথর—ছোটো পাথর

বন্ধুতা—ভাব

ব্যাঙের ছাতা—ছত্রাক (mushroom)

আমোদ—আনন্দ

# কতটা শেখা হল

**১. মুখে মুখে বল।**

ক) এটা কী রকমের গল্প?

খ) একহাত বামন বুড়ো, ফুলপরি—এসব কি হয়?

গ) তারা যেসব কাজ করল তার মধ্যে কোন কোন কাজ আমরাও করি?

ঘ) এই গল্পের লাল বুড়ো আর নীল বুড়োর মধ্যে কাকে তোমার ভালো লাগল? কেন?

**২. জ্ঞানমূলক প্রশ্ন:**

ক) 'সবাই তারা ভালোমানুষ'—'সবাই' মানে কারা? তারা কী কী কাজ করে?

খ) 'বামন বুড়োদের আর একটা কাজ ছিল—' কী কাজ? তারা কী দিয়ে রং বানাত? কোথায় ছবি আঁকত? কী দিয়ে তুলি বানাত?

গ) 'সে সকলের আগে এগিয়ে গেল'—কে এগিয়ে গেল? কোথায়/কেন এগিয়ে গেল? গিয়ে কী দেখল?

ঘ) 'তাদেরই ভূতের মতো লাগছে দেখতে'—কাদের দেখতে ভূতের মতো লাগছে? এ কাজ কে করেছিল? এ কাজের কী শাস্তি সে পেয়েছিল?

**৩. বোধমূলক প্রশ্ন: কোনটা ঠিক পাশে ✓ চিহ্ন দিয়ে দেখাও।**

| | |
|---|---|
| দুই বুড়োর মধ্যে সাহসী ছিল | নীল বুড়ো / লাল বুড়ো |
| দুই বুড়োর মধ্যে কুঁড়ে ছিল | নীল বুড়ো / লাল বুড়ো |
| লাল থলি নিয়ে ঘুরত | নীল বুড়ো / লাল বুড়ো |
| যে পাখির পালক দিয়ে তুলি বানায় তার নাম | টুনটুনি / চড়াই |
| ফুলপরিরা পৃথিবীতে নেমে আসে | জ্যোৎস্নারাতে / অন্ধকার রাতে |
| ফড়িংদের লাফাতে দেখলে ফুলপরিরা | নাচে / ভয় পায় |
| ফড়িংগুলো ধরে থলেতে ভরে | সন্ধের আগে / দুপুরে |
| ফড়িংগুলো ছেড়ে দেয় | রাতে / সকাল হলে |
| অতিথিদের অপমান করেছিল | লাল বুড়ো / নীল বুড়ো |
| পরিরা নেমন্তন্ন করেনি | লাল বুড়োকে / নীল বুড়োকে |

**৪. দক্ষতামূলক প্রশ্ন: যে ছবিগুলো দেখে পরিরা ভয় পেল সেগুলো দেখতে কেমন ছিল লেখ।**

Scanned with CamScanner

নতুন শব্দ: বামন রগড়

জোড়া শব্দ: গাছগাছালি খবরদারি ফুলপরি
খাওয়াদাওয়া চেঁচামেচি মিটমিটে রাগারাগি

এক শব্দ দুবার: কেউ কেউ সাদা সাদা
ছোট্ট ছোট্ট গোল গোল
লাফিয়ে লাফিয়ে বড়ো বড়ো
ধরে ধরে মস্ত মস্ত
ছোটো ছোটো আলাদা আলাদা
যেতে যেতে একলা একলা

লেখ: বামন গাছগাছালি সাহসী রগড় কুঁড়ে

টি কী পদ লেখ: কুঁড়ে জল রস সাহস

চন থেকে বহুবচন এবং বহুবচন থেকে একবচনে পরিণত কর: বুড়োরা পরি পোকা ফড়িং

ীত অর্থের শব্দ লেখ: সাহসী বন্ধুতা ছোটো আলো

ধরে নাও যে তোমার এক বন্ধুর সাথে তোমার ঝগড়া হয়েছে। তার কিছুদিন বাদেই তোমার
আর তোমার বন্ধুদের তুমি বাড়িতে নিমন্ত্রণ করতে চাও। তুমি কী করবে?

ক) সব ঝগড়া ভুলে সেই বন্ধুকে নিমন্ত্রণ করবে।

খ) সেই বন্ধুকে ছাড়া সবাইকে নিমন্ত্রণ করবে।

Scanned with CamScanner

Page No :
Date :

# BENGALI

## CLASS III

## লাল নীল (গদ্য)

**বানান**:— গম্ভীর, লম্বা, যত্ন, কুঁড়ে, রঙ, পোশাক, সাথী, নুড়ি, ফুলপরি, বন্ধুত্ব, জ্যোৎস্না, পৃথিবী, সন্ধ্যা, ভোরী, জড়ো, জোনাকি, রাঙারঙিন, অতিথি, নীচে, তাড়াতাড়ি।

**বাক্য রচনা**:— গম্ভীর, লম্বা, যত্ন, প্রজাপতি, কুঁড়ে, পোশাক, সাথী, রঙিন, ছবি, পালক, ছোট, বন্ধু, মর্দ, নাচগান, জোনাকি, মস্ত, রাঙারঙিন, অতিথি, তাড়াতাড়ি, চিঠি, আমোদ, একলা।

Scanned with CamScanner

বিপরীত শব্দ:- গভীর, লম্বা, বুড়ো, ছোটো, যত্ন, ঝুঁকড়ে, সাহসী, ভিতর, সকাল, ভারী, হাসছে, আলো, নীচে, একলা।

প্রশ্ন-উত্তর:- প্রঃ ১। গভীর বনে কারা থাকে? প্রঃ ২। তারা সেখানে কী করে? প্রঃ ৩। তারা সবাই কেমন মানুষ? প্রঃ ৪। লাল বুড়ো ও নীল বুড়ো কেমন পোশাক পরত? প্রঃ ৫। বামন বুড়ো আর কী কাজ ছিল? প্রঃ ৬। পরিরা পৃথিবীতে কখন নেমে আসত? প্রঃ ৭। বামন বুড়োরা সন্ধ্যের আগে ফড়িংগুলোকে নিয়ে

Page No :
Date :

কী করত? প্রঃ ৭) নীল বুড়ো পরিদের মেজকে কী খেতে দিয়েছিল?

প্রঃ ৮) পরিদের কে কি ভাবে ভয় দেখিয়েছিল?

---

শব্দ অর্থ সব বই থেকে করতে হবে। এর সঙ্গে প্রঃ ১৩ র অনুঃ ৩ করতে হবে।

---